

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
পবাপাড়া, সপুরা, রাজশাহী-৬২০৩
www.rmp.gov.bd




আদেশ নং- ২৯২/২০২০

তারিখ : ২৭/০৮/২০২০ খ্রিঃ।

আদেশ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ আগস্ট ২০২০খ্রিঃ, ১০ মুহাররম ১৪৪২ হিজরি রবিবার পবিত্র আশুরা উদযাপিত হবে। কিন্তু বর্তমান করোনা মহামারি বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ৩ আগস্ট ২০২০ তারিখ জারিকৃত পরিপত্র মূলে সকল প্রকার গণজমায়েত ও অনুষ্ঠান আয়োজন বন্ধ রাখার নির্দেশনা থাকায় এবং পবিত্র আশুরা উপলক্ষে রাজশাহী মহানগর এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষা করার নিমিত্ত আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৯(১)(ক), ২৯(১)(খ) ও ৩০ ধারায় অর্পিত ক্ষমতাবলে আগামী ৩০ আগস্ট ২০২০খ্রিঃ, ১০ মুহাররম ১৪৪২ হিজরি রাজশাহী মহানগর এলাকায় সকল প্রকার জনসমাবেশ, মিছিল, আতশবাজি, পটকা ফুটানোসহ অন্যান্য ক্ষতিকারক দ্রব্য ব্যবহার, অস্ত্রশস্ত্র, তলোয়ার, বর্শা, বন্দুক, ছোরা বা লাঠি ও বিস্ফোরক দ্রব্য বহন ও ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করলাম। তবে স্বাস্থ্য বিধি মেনে ঘরোয়াভাবে ধর্মীয় আচারাঙ্গী পালন করা যাবে। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


২৭/০৮/২০২০
(মোঃ হুমায়ুন কবির, বিপিএম, পিপিএম)
বিপি-৬৪৯১০০৮২৬২
পুলিশ কমিশনার
রাজশাহী মহানগর পুলিশ, রাজশাহী।